# মনিটরিং চেকলিস্ট

কর্মকর্তার নাম, পদবী, ও কর্মস্থলঃ ড. মোঃ হেলাল উদ্দিন, অতিরিক্ত সচিব (বাজেট অনুবিভাগ), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**পরিদর্শিত কার্যালয়ের নামঃ উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, বাঘাই ছড়ি, রাঙ্গামাটি।** পরিদর্শনের তারিখঃ ১৪/১২/২০২২খ্রি.

| ক্রমিক নং | বিষয় | পর্যবেক্ষণ |
|---|---|---|
| ০১ | কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতি | কার্যালয়ে স্থিত হাজিরা খাতা মোতাবেক দপ্তরে কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতি অত্যন্ত সন্তোষজনক। |
| ০২ | স্থানীয় পর্যায়ের কর্মকর্তাদের নির্ধারিত ও নিয়মিত পরিদর্শন করেন কিনা? | হ্যাঁ। নিয়মিত পরিদর্শন করা হয়। |
| ০৩ | প্রতিষ্ঠানটিতে সর্বশেষ পরিদর্শনকারীর নাম, পদবী ও তারিখ | ১। মোঃ হানিফুর রহমান, পরিচালক (নিরীক্ষা), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।<br>পরিদর্শনের তারিখঃ ৩১/০৭/২০১৯ খ্রি.<br>২। আনোয়ারুল আজিম, উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, রাঙ্গামাটি পার্বত্য জেলা।<br>পরিদর্শনের তারিখঃ ১৬/০২/২০২২খ্রি.<br>৩। ডাঃ মাহমুদুর রহমান, পরিচালক (এমসিএইচ-সার্ভিসেস) এবং লাইন ডাইরেক্টর (এমসিআরএএইচ), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।<br>পরিদর্শনের তারিখঃ ২২/০২/২০২১খ্রি. |
| ০৪ | সেবা প্রদানের রেজিস্টারসমূহ সঠিকভাবে ব্যবহার হচ্ছে কিনা? | হ্যাঁ, হচ্ছে। |
| ০৫ | জন্ম নিয়ন্ত্রণ সামগ্রীর মজুদ/বিতরণ পরিস্থিতি সঠিক আছে কিনা? | জন্মনিয়ন্ত্রণ সামগ্রীর মজুদ ও বিতরণের সামঞ্জস্যতা রয়েছে। বিগত ৬(ছয়) মাসে কোন সার্ভিস ডেলিভারী পয়েন্টে স্টক আউট হয়নি। |
| ০৬ | অন্যান্য ঔষধ ও এমএসআর এর মজুদ/বিতরণ পরিস্থিতি সঠিক আছে কিনা? | ইনভেন্টরি কন্ট্রোল রেজিস্টার (আইসিআর) যাচাই করে অন্যান্য ঔষধ, এমএসআর মজুদ এবং বিতরণ পরিস্থিতি সঠিক পাওয়া যায়। |
| ০৭ | অব্যবহারযোগ্য দ্রব্যাদি সঠিকভাবে সংরক্ষণ ও বিনষ্টকরণ হচ্ছে কিনা? | অব্যবহারযোগ্য দ্রব্যাদি সঠিকভাবে সংরক্ষণ করা হচ্ছে। মেয়াদ উত্তীর্ণ ঔষধ ধ্বংস বা বিনষ্টকরণের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা হয়েছে। |
| ০৮ | কার্যালয় ও সেবা কেন্দ্রসহূহের ভৌত অবস্থা, আসবাবপত্র সঠিকভাবে আছে কিনা এবং পরিষ্কার পরিচ্ছন্ন বজায় রাখা হচ্ছে কিনা? | সেবা কেন্দ্রসমূহের ভৌত অবস্থা ভালো। আসবাবপত্র সঠিকভাবে সংরক্ষণ করা হচ্ছে। অভ্যন্তর এবং বাহিরে চার পাশের পরিবেশ পরিষ্কার পরিচ্ছন্ন আছে। |
| ০৯ | সেবাদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) নির্দেশিকা অনুযায়ী হালনাগাদ আছে কিনা? | পরিদর্শিত কার্যালয়সহ সেবা কেন্দ্রসমূহে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদ আছে। |
| ১০ | বিভিন্ন কমিটির সভা নিয়মিত অনুষ্ঠিত হয় কিনা এবং অনুষ্ঠিত সভার কার্যবিবরণী আছে কিনা? | উপজেলা পরিবার পরিকল্পনা কমিটিসভা, উপজেলা মাসিক সমন্বয় সভা, মা-শিশু স্বাস্থ্য এবং পুষ্টি বিষয়ক কমিটি সভা, স্যাটেলাইট ক্লিনিক পরিচালনা কমিটি সভা, ইউনিয়ন পরিবার পরিকল্পনা কমিটি এবং ইউনিয়ন স্বাস্থ্য ও পরিাবার কল্যাণ কেন্দ্রে পরিচালনা কমিটির নিয়মিত সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সংরক্ষিত আছে। |

| | | |
|---|---|---|
| ১১ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর অগ্রগতি | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) (২০২২-২০২৩) সু-সম্পন্ন হয়েছে। চুক্তির আলোকে নির্দেশনা মোতাবেক ত্রৈমাসিক অগ্রগতির তথ্য যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হয়েছে। |
| ১২ | কৈশোর বান্ধব স্বাস্থ্য সেবা কর্ণার এবং সেবা প্রদান কার্যক্রম সঠিকভাবে পরিচালিত হচ্ছে কিনা? | বাঘাইছড়ি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে কৈশোরবান্ধব কর্ণারে সেবাপ্রদান কার্যক্রম সঠিকভাবে পরিচালিত হচ্ছে। |
| ১৩ | কর্মকর্তা-কর্মচারীদের বাসস্থানের ভৌত অবস্থা | উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ে বাসস্থানের ভৌত অবকাঠামো নাই। তবে অত্র কার্যালয় অধীন বাঘাইছড়ি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে বসবাসযোগ্য কোয়ার্টার রয়েছে। |
| ১৪ | নির্ধারিত বাসায় সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারি বসবাস করেন কিনা? | উপজেলাধীন বাঘাইছড়ি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র বসবাসযোগ্য এবং পরিবার কল্যাণ পরিদর্শিকা , আয়া, নিরাপত্তা প্রহরী উক্ত কেন্দ্রে অবস্থান করেন। |
| ১৫ | বিদ্যুৎ, পানি, সরবরাহ ব্যবস্থা সঠিকভাবে আছে কিনা? | বিদ্যুৎ, পানি, সরবরাহ ব্যবস্থা সঠিকভাবে আছে । |
| ১৬ | স্যাটেলাইট ক্লিনিকের কার্যক্রম পরিদর্শন | অদ্য ১৪/১২/২০২২ খ্রি. তারিখ রোজ বুধবার ১০:৩০ ঘটিকায় রাবার বাগান, বাঘাইছড়ি ইউনিয়ন ১নং ওয়ার্ড, স্যাটেলাইট ক্লিনিক পরিদর্শন করি। পরিদর্শনকালে ডাঃ রবিন ভট্টাচার্য, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) (অতিঃ দাঃ), কিরণা চাকমা, পরিবার কল্যাণ পরিদর্শিকা, জনাব রিকন চাকমা, পরিবার পরিকল্পনা পরিদর্শক, পরিবার কল্যাণ সহকারী, পেইড পেয়ার ভলান্টিয়ার ও অন্যান্য কর্মচারীবৃন্দ উপস্থিতি ছিলেন। সেবাগ্রহীতাদের উপস্থিত সন্তোষজনক । অদ্য ৬২জন রোগীকে সেবা প্রদান করা হয়। |
| ১৭ | স্কুল স্বাস্থ্য শিক্ষা কার্যক্রম পরিদর্শন | নিয়মিত অনুষ্ঠিত হয়। |
| ১৮ | উঠান বৈঠক | অদ্য ১৪/১২/২০২২ খ্রি. তারিখ রোজবু ধবার ১১:৩০ ঘটিকায় নীশিকুমার চাকমা বাড়ি, বাঘাইছড়ি ইউনিয়ন ১নং ওয়ার্ড এ উঠান বৈঠক পরিদর্শন করি। পরিদর্শনকালে ডাঃ রবিন ভট্টাচার্য, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) (অতিঃ দাঃ), জনাব রিকন চাকমা, পরিবার পরিকল্পনা পরিদর্শক, জ্যোৎস্না পরিবার কল্যাণ সহকারী, পেইডপেয়ার ভলান্টিয়ার ও অন্যান্য কর্মচারবৃন্দ উপস্থিতি ছিলেন। সেবা গ্রহীতাদের উপস্থিত সন্তোষজনক । এ সময় ৩৫জন রোগীকে সেবা প্রদান করা হয়। একই দিনে বিকাল ৩:০০ ঘটিকায় বাঘাইছড়ি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র পরিদর্শন করি। কার্যক্রম সন্তোষজনক। |
| ১৯ | পরিদর্শিত এনজিও এর নাম এবং কার্যক্রম | পরিদর্শিত গ্রীণ হিল সূর্যের হাসি ক্লিনিক মাচালং। এটি রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিবার পরিকল্পনা অধিভুক্ত একটি এনজিও প্রতিষ্ঠান। যা পরিবার পরিকল্পনা , মা ও শিশু স্বাস্থ্যের সেবার পাশাপাশি ক্লিনিক্যাল এবং সিবিডিভিত্তিক সেবা কার্যক্রম পরিচালনা করে। পরিদর্শিত এনজিও কার্যক্রম সন্তোষজনক। |
| ২০ | কনসেন্টফরম/পেমেন্টরেজিস্টার মোতাবেক স্থায়ী ও দীর্ঘ মেয়াদি পদ্ধতি বিতরণ তাৎক্ষণিক যাচাই (জিও এবং এনজিও) | কনসেন্টফরম/পেমেন্টরেজিস্টার মোতাবেক স্থায়ী ও দীর্ঘমেয়াদি পদ্ধতি বিতরণ তাৎক্ষণিক যাচাই করা হয়েছে।যাচাইয়ান্তে সঠিক পাওয়া যায়। |
| ২১ | পরিবার কল্যাণ সহকারী রেজিস্টার যাচাই | বাঘাইছড়ি ইউনিয়নের ১নং ওয়ার্ডের কর্মরত জ্যোৎস্না চাকমা, পরিবার কল্যান সহকারীর রেজিস্টার যাচাই করা হয়েছে। রেজিষ্টার যথাযথভাবে পরিচালনা করা হয়। |

| | | |
|---|---|---|
| ২২ | স্থানীয় কোন উদ্ভাবনী উদ্যোগ আছে কিনা? | বাঘাইছড়ি উপজেলায় প্রত্যন্ত দুর্গম সাজেক ইউনিয়নে কোন ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র না থাকায় উক্ত ইউনিয়নে অন্তর্গত মাচালং বাজারে অবস্থিত গ্রীণহিল সূর্যের হাসি ক্লিনিকে নিয়মিত এলএআরসি এবং পিএম ক্যাম্প আয়োজনের মাধ্যমে দীর্ঘমেয়াদি ও স্থায়ী পদ্ধতি বিশেষ সেবা প্রদান করা হচ্ছে। |
| ২৩ | স্থানীয় জনগণের সঙ্গে মতামত বিনিময় এবং স্থানীয় জনগণের কোন অভিযোগ আছে কিনা? | কোন অভিযোগ নাই। |
| ২৪ | মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের কোন অভিযোগ বক্স স্থাপন করা হয়েছে কিনা? | মাঠ পর্যায়ের অভিযোগ বক্স স্থাপন করা হয়েছে। |
| ২৫ | সার্বিক পরিস্থিতি সম্পর্কে মতামত | উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, বাঘাইছড়ি, রাঙ্গামাটি এর নথি, রেকর্ড, রেজিষ্টার পরীক্ষা এবং স্যাটেলাইট ক্লিনিক, উঠান বৈঠক, এনজিও কার্যক্রম পরিদর্শনে প্রতীয়মান হয়, সার্বিক কার্যক্রম সন্তোষজনক। |

০১-০১-২০২৬

ড. মোঃ হেলাল উদ্দিন
অতিরিক্ত সচিব (বাজেট অনুবিভাগ),
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ,
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।